# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৫২]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ১৮: দাঁড়িয়ে সালাত শুরু করলে কি করবেন? ‘আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণনায় মতপার্থক্য

## باب كَيْفَ يَفْعَلُ إِذَا افْتَتَحَ الصَّلاَةَ قَائِمًا وَذِكْرِ اخْتِلاَفِ النَّاقِلِينَ عَنْ عَائِشَةَ فِي ذَلِكَ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ، عَنْ عَبْدِ الْأَعْلَى، قال: حَدَّثَنَا هِشَامٌ، عَنِ الْحَسَنِ، عَنْ سَعْدِ بْنِ هِشَامِ بْنِ عَامِرٍ، قال: قَدِمْتُ الْمَدِينَةَ فَدَخَلْتُ عَلَى عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا، قَالَتْ: مَنْ أَنْتَ ؟ قُلْتُ: أَنَا سَعْدُ بْنُ هِشَامِ بْنِ عَامِرٍ، قَالَتْ: رَحِمَ اللَّهُ أَبَاكَ، قُلْتُ: أَخْبِرِينِي عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَتْ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ وَكَانَ، قُلْتُ: أَجَلْ، قَالَتْ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي بِاللَّيْلِ صَلَاةَ الْعِشَاءِ ثُمَّ يَأْوِي إِلَى فِرَاشِهِ فَيَنَامُ، فَإِذَا كَانَ جَوْفُ اللَّيْلِ قَامَ إِلَى حَاجَتِهِ وَإِلَى طَهُورِهِ فَتَوَضَّأَ ثُمَّ دَخَلَ الْمَسْجِدَ، فَيُصَلِّي ثَمَانِيَ رَكَعَاتٍ يُخَيَّلُ إِلَيَّ أَنَّهُ يُسَوِّي بَيْنَهُنَّ فِي الْقِرَاءَةِ وَالرُّكُوعِ وَالسُّجُودِ وَيُوتِرُ بِرَكْعَةٍ، ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ، ثُمَّ يَضَعُ جَنْبَهُ فَرُبَّمَا جَاءَ بِلَالٌ فَآذَنَهُ بِالصَّلَاةِ قَبْلَ أَنْ يُغْفِيَ وَرُبَّمَا يُغْفِي وَرُبَّمَا شَكَكْتُ أَغْفَى أَوْ لَمْ يُغْفِ حَتَّى يُؤْذِنَهُ بِالصَّلَاةِ، فَكَانَتْ تِلْكَ صَلَاةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى أَسَنَّ وَلَحِمَ، فَذَكَرَتْ مِنْ لَحْمِهِ مَا شَاءَ اللَّهُ، قَالَتْ: وَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي بِالنَّاسِ الْعِشَاءَ ثُمَّ يَأْوِي إِلَى فِرَاشِهِ، فَإِذَا كَانَ جَوْفُ اللَّيْلِ قَامَ إِلَى طَهُورِهِ وَإِلَى حَاجَتِهِ فَتَوَضَّأَ ثُمَّ يَدْخُلُ الْمَسْجِدَ، فَيُصَلِّي سِتَّ رَكَعَاتٍ يُخَيَّلُ إِلَيَّ أَنَّهُ يُسَوِّي بَيْنَهُنَّ فِي الْقِرَاءَةِ وَالرُّكُوعِ وَالسُّجُودِ ثُمَّ يُوتِرُ بِرَكْعَةٍ، ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ، ثُمَّ يَضَعُ جَنْبَهُ وَرُبَّمَا جَاءَ بِلَالٌ فَآذَنَهُ بِالصَّلَاةِ قَبْلَ أَنْ يُغْفِيَ وَرُبَّمَا أَغْفَى وَرُبَّمَا شَكَكْتُ أَغْفَى أَمْ لَا حَتَّى يُؤْذِنَهُ بِالصَّلَاةِ، قَالَتْ: فَمَا زَالَتْ تِلْكَ صَلَاةُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ.

تخريج دارالدعوه: سنن ابی داود/الصلاة ٣١٦ (١٣٥٢)، (تحفة الأشراف: ١٦٠٩٦)،

مسند احمد ٦/٩١، ٩٧، ١٦٨، ٢١٦، ٢٢٧، ٢٣٥، ويأتي عند المؤلف بأرقام: ١٧٢٣، ١٧٢٥ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1652 - صحيح

বাংলা

**১৬৫১.** আমর ইবনু 'আলী (রহ.) ..... সা'দ ইবনু হিশাম (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমি একবার মদীনায় আগমন করে ‘আয়িশাহ্ (রাঃ) -এর খিদমাতে হাজির হলাম। আয়িশাহ্ (রাঃ) বললেন, তুমি কে? আমি বললাম, আমি সা'দ ইবনু হিশাম ইবনু ‘আমির। তিনি বললেন, তোমার পিতার ওপর আল্লাহ রহমত বর্ষণ করুন! আমি বললাম, আপনি আমাকে রসূলুল্লাহ (সা.) -এর সালাত সম্পর্কে বলুন? তিনি বললেন, রসূলুল্লাহ (সা.) এরূপ এরূপ ছিল না। আমি বললাম, নিশ্চয়। তিনি বললেন, রসূলুল্লাহ (সা.) রাতে ‘ইশার সালাত আদায় করতেন। অতঃপর তার বিছানায় ঘুমাতে যেতেন। যখন রাত গভীর হয়ে যেত তিনি তাঁর প্রাকৃতিক প্রয়োজন সারার জন্যে এবং উযূর পানি নেয়ার জন্যে উঠে যেতেন এবং উযূ করে নিতেন। তারপর মসজিদে প্রবেশ করে আট রাকআত সালাত আদায় করতেন। আমার মনে হত যে, তিনি উপরোক্ত রাক’আতসমূহের কিরা’আত, রুকূ এবং সাজদাতে সমতা বিধান করতেন। অতঃপর এক রাকআত দ্বারা উপরোক্ত সালাতগুলোকে বেজোড় করে দিতেন। পরে বসা অবস্থায় দু' রাকআত সালাত আদায় করতেন। অতঃপর তিনি শুয়ে পড়তেন। কখনো বিলাল (রাঃ) এসে তাঁকে হালকা নিদ্রা আসার আগেই সালাতের সংবাদ দিতেন। আর কখনো কখনো তাঁর হালকা নিদ্রা এসে যেত এবং কখনো কখনো আমার সন্দেহ হয়ে যেত যে, তিনি হালকা নিদ্রা গেলেন কিনা। ইতোমধ্যে তাকে সালাতের খবর দেয়া হত। এই ছিল রসূলুল্লাহ (সা.) -এর সালাত।
যখন তিনি বার্ধক্যে উপনীত হলেন এবং তাঁর শরীর ভারী হয়ে গেল, নবী (সা.) লোকেদের নিয়ে ‘ইশার সালাত আদায় করতেন। তারপর নিদ্রা যেতেন। যখন অর্ধ রাত্রি হত তিনি উযূর পানি নেয়ার জন্যে এবং প্রাকৃতিক প্রয়োজন সারার জন্যে নিদ্রা হতে উঠে যেতেন এবং উযূ করতেন ও মসজিদে প্রবেশ করে ছয় রাক’আত সালাত আদায় করতেন। আমি মনে করতাম যে, উক্ত ছয় রাকআত সালাতে তিনি কিরা’আত, রুকূ এবং সাজদায় সমতা বিধান করতেন। অতঃপর একটি রাকআত দ্বারা উক্ত সালাতগুলোকে বেজোড় করে দিতেন। অতঃপর বসা অবস্থায় দু' রাক'আত সালাত আদায় করতেন। পরে নিদ্রা যেতেন। কখনো কখনো বিলাল (রাঃ) এসে তাকে হালকা ঘুম যাওয়ার আগেই সালাতের সংবাদ দিতেন। আর কখনো তিনি হালকা নিদ্রা যেতেন। আর কখনো আমার সন্দেহ হত যে, তিনি হালকা নিদ্রা গেলেন কিনা। এর আগেই তাঁকে সালাতের সংবাদ দেয়া হত। আয়িশাহ্ (রাঃ) বলেন, এ ছিল রসূলুল্লাহ (সা.) -এর সব সময়ের সালাত।

## English

What is done when one begins the prayer standing and mentioning the differences with those who reported from 'Aisha concerning it

It was narrated that Sa'd bin Hisham bin 'Amir said: I came to Al-Madinah and entered upon Aishah, may Allah (SWT) be pleased with her. She said: 'Who are you?' I said: 'I am Sa'd bin Hisham bin 'Amir.' She said: 'May Allah have mercy on your father.' I said: 'Tell me about the prayer of the Messenger of Allah (ﷺ).' She said: 'The Messenger of Allah (ﷺ) did such and such.' I said: 'Yes indeed.' She said: 'The Messenger of Allah (ﷺ) used to pray Isha' at night, then he would go to his bed and sleep. In the middle of the night, he would get up to relieve himself and go to his water for purification and perform wudu. Then he went into the Masjid and prayed eight rak'ahs. I think he made the recitation, bowing and prostration equal in length. Then he prayed one rak'ah of witr, then he prayed two rak'ahs sitting down. Then he lay down on his side. Sometimes Bilal would come and tell him that it was time to pray before he napped, and sometimes he napped. And sometimes I was not sure if he had napped or not before he told him that it was time to pray. This is how the Messenger of Allah (ﷺ) used to pray until he grew older and gained weight - and she mentioned whatever Allah (SWT) willed about his gaining weight. She said: And the Prophet (ﷺ) used to lead the people in praying witr, then he would go to his bed. In the middle of the night, he would get up and go to water for purification, and to relieve himself, then he would perform wudu. Then he would go into the masjid and pray six rak'ahs, and I think he made the recitation, bowing, and prostration equal in length. Then he prayed one rak'ah of witr, then he prayed two rak'ahs sitting down. Then he lay down on his side. Sometimes Bilal would come and tell him that it was time to pray before he napped, and sometimes he napped. And sometimes I was not sure if he had napped or not before he told him that it was time to pray. She said: And this is how the Messenger of Allah (ﷺ) continued to pray.

## ফুটনোট

সহীহঃ বুখারী ২৮৯, মুসলিম ৭৪৬, আবু দাউদ ১৩৪২, সহীহ আবু দাউদ ১২২৩। [দ্রঃ ১৬০১]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ সা'দ ইবন হিশাম (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90147

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন